

গেঞ্জি

গৌতম মুখোপাধ্যায়

এসো, অভিনয় শেষ হয়ে গেছে

খুলে রাখো নগল উষ্ণীষ।

ঝলমলে কিংখাব আর রাজপোষাকের গ্রহর শেষ।

ছেঁড়া গেঞ্জির উপর পলেস্টারের শার্টটা চাপাও

আর দাঁতে বিড়ি চেপে ঘষে তুলে ফেল গালের রঙ;

তুমি নাকি রাজা সেজেছিলে!

এসো, বিষাদ আর হত্যার আরশিনগরে নিজেকে দেখ —

ঠিক যেমন পাঁঠার মুন্ডু অবসন্ন চোখে দেখে

নিজের ঝুলন্ত ধড় আর কসাইয়ের ছুরি

রাস্তার ব্রহ্ম সৈনিক আর মাতালের তাড়া খেয়ে

শহরের বাইরে শুয়োরের বাচচারা

দল বেঁধে খোঁজে জমট রক্তের ডেলা আবর্জনার স্তুপে

আর ভিখারি মায়ের বৃকে মুখ গুঁজে শিশু রাজপুত্র

চাটে রাষ্ট্রব্যবস্থার ঘাম!

এসো অভিনয় শেষ হয়ে গেছে

এখন কৌণিক দৃষ্টিতে পরস্পরকে মাপি,

রক্ত, হারেম, ঘাম আর সূক্ষ্ম ভণিতার চারপেয়েতে বসে

তুমি নাকি রাজা সেজেছিলে!

বিজ্ঞাপনের মেয়ে

বিজ্ঞাপনের মেয়ে বলো কাটলো কেমন আজ,
বলো তোমার ব্যক্তিগত সঞ্চে থেকে ভোর
বলো তোমার টিভি চ্যানেল, ফ্যাশান প্যারেড বলো
বলো তোমার চুল থেকে নখ নিয়ন বাতির নিচে
রঙিন করে রেখেছিল এসপ্লানেডের মোড়।

বিজ্ঞাপনের মেয়ে, তোমার হারিয়ে যাওয়া গ্রাম
বলো তোমার মোড়লপাড়ার চৈত্র মাসের মেলা
বলো তোমার নিব্বুম দুপুর কাজলা দিঘির পার
বলো তোমার স্কুলের পথে লুকিয়ে দেখা করা
বলো তোমার আসল বিকেল পুতুল নিয়ে খেলা।

বিজ্ঞাপনের মেয়ে তোমার জীবন তোমার ইহজীবন
বলো কেমন বিকিয়ে গেছে বিকিকিনির হাটে
বলো কেমন শ্রাবণ - দুপুর জানলা খোলা রবিঠাকুর
বলো কেমন প্রথম প্রেম আর প্রথম ডুরে শাড়ি
বলো এসব কেমন হারিয়ে গেল সাত মহলা ফ্ল্যাটে।

বিজ্ঞাপনের মেয়ে তোমায় ভালোবাসতে পারি
যদি উদ্যোগ গায়ে জড়াতে পারো ডুরে রঙিনমাড়ি।